



বাংলাদেশ পেট্রোলিয়াম এক্সপ্লোরেশন এন্ড প্রোডাকশন কোম্পানী লিমিটেড (বাপেক্স)
(পেট্রোবাংলার একটি কোম্পানী)



বাপেক্স ভবন, ৪, কাওরান বাজার বা/এ, ঢাকা-১২১৫।

স্মারক নম্বর: ২৮.০৯.০০০০.০১২.৩৯.০০৩.২০/ ২৭৮

তারিখঃ ০৭ জুন ২০২০

অফিস আদেশ

করোনা ভাইরাস (কোভিড-১৯) সংক্রমণের ঝুঁকি ও প্রাদুর্ভাব প্রতিরোধে করণীয় সংক্রান্তে সতর্কতামূলক ব্যবস্থা গ্রহণের জন্য সম্প্রতি জ্বালানী ও খনিজ সম্পদ বিভাগ হতে প্রেরিত নির্দেশনার মধ্যে অন্যতম হলো “অফিসে প্রবেশের পর কাজ শেষ হওয়ার আগে বের হওয়া যাবে না”। কিন্তু লক্ষ্য করা যাচ্ছে যে, বাপেক্স ভবনের অনেক কর্মকর্তা-কর্মচারী অহেতুক অফিসের বাইরে যাওয়া-আসা করছেন যা জ্বালানী ও খনিজ সম্পদ বিভাগ হতে প্রেরিত নির্দেশনার পরিপন্থী।

এ প্রেক্ষিতে কোম্পানির সকল কর্মকর্তা ও কর্মচারীদের অফিসের সময় শেষ না হওয়া পর্যন্ত বিশেষ প্রয়োজন ছাড়া অফিসের বাইরে যাওয়া-আসা হতে বিরত থাকা এবং মন্ত্রণালয়ের স্বাস্থ্যবিধি মেনে চলার জন্য নির্দেশনা প্রদান করা হলো।

কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ আদেশ জারি করা হলো।

০৭.০৬.২০২০
(মোহাম্মদ আবুল বশর)
মহাব্যবস্থাপক (প্রশাসন)

অনুলিপি:

- ১। সকল বিভাগ/উপবিভাগ/প্রকল্প প্রধান....., বাপেক্স।
- ২। উপমহাব্যবস্থাপক (আইসিটি), পরিকল্পনা বিভাগ (ওয়েব সাইটে আপলোড করার অনুরোধ সহকারে)।
- ৩। উপব্যবস্থাপক (সমন্বয়), ব্যবস্থাপনা পরিচালকের কার্যালয়, বাপেক্স, ঢাকা।
- ৪। নোটিশ বোর্ড।
- ৫। অফিস কপি।